



গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
ভান্ডার ও ক্রয় শাখা
gcc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৫.৯৯.০০১.২১

তারিখঃ

বিষয়ঃ-আসন্ন শীত মৌসুমে গরীব ও দুঃস্থদের মধ্যে বিতরণের জন্য কম্বল বরাদ্দ প্রদান।

সূত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর-এর স্মারক নং-৫১.০১.৩৩০০.০০০.৪১.০১৭.২১-৬১৮ তারিখঃ ১৫.১২.২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে গাজীপুর সিটি কর্পোরেশনের গরীব ও দুঃস্থদের মধ্যে বিতরণের নিমিত্তে গাজীপুর সিটি কর্পোরেশনের অনুকূলে প্রাপ্ত কম্বল হতে মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা অনুযায়ী জনসংখ্যার ভিত্তিতে আপনার ওয়ার্ডেপিস কম্বল নিম্নবর্ণিত শর্ত মোতাবেক উপ-বরাদ্দ প্রদান করা হলোঃ-

শর্তাবলীঃ

- বরাদ্দকৃত কম্বল স্থানীয় মাননীয় সংসদ সদস্য ও জনপ্রতিনিধিদের সাথে পরামর্শক্রমে বিতরণ করতে হবে;
- উক্ত বরাদ্দকৃত কম্বল প্রকৃত দুঃস্থ জনগণের মধ্যে বিতরণ করতে হবে;
- উপ-বরাদ্দকৃত কম্বল বিতরণের ক্ষেত্রে ষাটোর্ধ ব্যক্তি ও প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিতে হবে;
- উপ-বরাদ্দকৃত কম্বল বিতরণ শেষে নিরীক্ষার জন্য কম্বল বিতরণের মাষ্টাররোল অত্র কার্যালয়ের ভান্ডার ও ক্রয় শাখায় প্রেরণ করতে হবে;

এমতাবস্থায়, উপ-বরাদ্দকৃত কম্বল গরীব, প্রকৃত দুঃস্থ, ষাটোর্ধ ব্যক্তি এবং প্রতিবন্ধীদের মধ্যে বিতরণের জন্য আগামী ২৮.১২.২০২১খ্রিঃ তারিখ হতে ২৯.১২.২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বঙ্গতাজ অডিটোরিয়াম থেকে কম্বল সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

জনাব

কাউন্সিলর

.....নং ওয়ার্ড

গাজীপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৫.৯৯.০০১.২১. ২২২/২ (৬)

সচিব (ভারপ্রাপ্ত)

গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

তারিখঃ ২৭/১২/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-১,২,৩,৫ ও সংরক্ষিত ১৩, গাজীপুর।
০২. জেলা প্রশাসক, গাজীপুর।
০৩. জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা, গাজীপুর।
০৪. মেয়র-এর একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
০৬. প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. অফিস কপি।

সচিব (ভারপ্রাপ্ত)

গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।